

উৎসর্গ অধিবেশন

স্বাধীনতার মার্চ মাস, গ্রাহক সেবা বারো মাস- বৈশাখ মাসের প্রথম দিন, গ্রাহক সেবা প্রতিদিন

উৎসব বাঙ্গালীর প্রাণে স্পন্দন তুলে। উৎসবের আনন্দ আমাদেরকে নতুনভাবে কাজ করার উৎসাহ উদ্দীপনা যোগায়। উৎসবের আমেজে ব্যাংকের সকল কর্মকাণ্ডে প্রাণচঞ্চল ও পতিশীলতা আনয়নের মাধ্যমে নতুন লো-কস্ট/ নো-কস্ট, ক্যাশ ওয়াক্ফ ও স্ক্রীম ডিপোজিট সংগ্রহের লক্ষ্যে “স্বাধীনতার মার্চ মাস, গ্রাহক সেবা বারো মাস- বৈশাখ মাসের প্রথম দিন, গ্রাহক সেবা প্রতিদিন” (মার্চ-মে) শীর্ষক ক্যাম্পেইনের আয়োজন করা হয়েছে।



ব্যাংকের সমন্বিত ডিপোজিট কাঠামো পুন:বিন্যাসকরণ এবং কর্পোরেট ডিপোজিট এর উপর নির্ভরশীলতা কমিয়ে নতুন লো কস্ট এবং নো কস্ট, ক্যাশ ওয়াক্ফ ডিপোজিট ও স্ক্রীম ডিপোজিট একাউন্ট এর সংখ্যা বৃদ্ধি করাই হচ্ছে এই ক্যাম্পেইনের মূল উদ্দেশ্য।



১০ মার্চ, ২০১৩ তারিখে প্রধান কার্যালয়ের ট্রেনিং ইনস্টিটিউটে ক্যাম্পেইনটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পাঁচ জন শাখা ব্যবস্থাপকের হাতে ক্যাম্পেইন স্মারক তুলে দেয়ার মাধ্যমে ক্যাম্পেইনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।



বর্তমান প্রেক্ষাপটে এ ধরনের ক্যাম্পেইন আয়োজনের প্রয়োজনীয়তা সম্পর্কে বর্ণনা করেন উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.এম.এম. ফরহাদ। তিনি High Cost ডিপোজিট সংগ্রহের প্রবণতা থেকে সরে এসে নতুন লো-কস্ট/নো-কস্ট, ক্যাশ ওয়াক্ফ ও স্ক্রীম ডিপোজিট হিসাব আনয়নে সকলকে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

ক্যাম্পেইনের উদ্বোধনী অনুষ্ঠান শেষে ঢাকার Core ২০টি শাখার শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে Monthly Review Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শফিকুর রহমান।



তিনি সকল শাখা প্রধান ও প্রধান কার্যালয়ের ডিভিশন/ ডিপার্টমেন্ট/ ইউনিট প্রধানদের আহ্বান জানান এই ক্যাম্পেইনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বোচ্চ নিষ্ঠা ও আন্তরিকতা দিয়ে কাজ করতে। ডিভিশন/ডিপার্টমেন্ট/ শাখা প্রধানগণ তাদের অধীনস্থ সকল কর্মকর্তাদের ক্যাম্পেইনের লক্ষ্য, উদ্দেশ্য এবং ক্যাম্পেইনের লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত করেন এবং এই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবার পরামর্শ প্রদান করেন।

তিনি আশা প্রকাশ করেন সকলের সমন্বিত অংশগ্রহণের মাধ্যমেই আমরা ব্যাংককে উৎকর্ষতার পরে এগিয়ে নিতে সক্ষম হব।